দৈনিক জনকণ্ঠ

তারিখ 06 MAY 2005

# অনার্সে ভর্তি বাণিজ্য রমরমা, শীর্ষে জগন্নাথ ইডেন ও ঢাকা কলেজ

শরিফুজ্জামান পিন্টু

জগন্নাথ কলেজে কেবল মুক্তিযোদ্ধা কোটায় প্রথম বর্ষ অনার্সে ভর্তির জন্য পাঁচ শতাধিক আবেদন জমা পড়েছে। কলেজ কর্তৃপক্ষ ইতোমধ্যে নিশ্চিত হয়েছে, অধিকাংশ মুক্তিযোদ্ধা সনদই ভুয়া। এমনকি মুক্তিযুদ্ধের চেতনাবিরোধী ব্যক্তির নামেও সনদ জমা দিয়ে ভর্তির চেষ্টা চলছে।

ইডেন কলেজে প্রথম বর্ষ অনার্সে ভর্তির জন্য আলোচিত স্থানটি হচ্ছে ছাত্রীনিবাসের ২০৩ নম্বর কক্ষ। ভর্তি বাণিজ্যের নায়িকারা এই কক্ষে [illegible] ২০৩ নম্বর কক্ষটি ব্যবহার করেন হলের অফিসের বিকল্প স্থান

(২ পৃষ্ঠা ১-এর কঃ দেখুন)

## অনার্সে ভর্তি বাণিজ্য

(প্রথম পাতার পর)

হিসেবে। টাকা লেনদেন হয় এখানে, প্রবেশপত্রটিও আগেভাগে জমা দিতে হয়। ভর্তি শেষ এবং টাকা পুরোপুরি দেয়া হলে ফেরত দেয়া হবে প্রবেশপত্র।

ঢাকা কলেজে এবার প্রথম বর্ষ অনার্সে প্রায় এক শ' আসন ছেড়ে দেয়া হয়েছে ছাত্রনেতাদের। সমঝোতার ভিত্তিতে তারা ভাগ-বাটোয়ারা করে নিয়েছে। এই প্রক্রিয়ায় জড়িত এক ছাত্রনেতার কাছ থেকে এমন তথ্য পাওয়া গেলেও ভর্তি কমিটির এক সদস্য বলেছেন, সংখ্যাটি এত নয়। তবে কিছু আবদার মানতে হয়েছে। উল্লেখ্য, গত বছর ছাত্রনেতাদের কোটা ছিল প্রায় দু'শ'।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে প্রথম বর্ষ অনার্সে ভর্তি নিয়ে রাজধানীসহ দেশের বড় সরকারী কলেজগুলোতে চলছে রমরমা ভর্তি বাণিজ্য। মুক্তিযোদ্ধা কোটা ছাড়াও রয়েছে ছাত্র সংসদের কোটা, সরকারী ছাত্র সংগঠনের কোটা, জোট সরকারের শরিক দলের ছাত্র সংগঠনের কোটাসহ নানা খোঁড়া অজুহাত। রাজধানীর তিনটি ঐতিহ্যবাহী কলেজের বিরুদ্ধে ভর্তি নিয়ে বেপরোয়া দুর্নীতির অভিযোগ উঠেছে। এগুলোর মধ্যে শীর্ষে রয়েছে জগন্নাথ, ইডেন এবং ঢাকা কলেজ। বিভাগীয় এবং জেলা পর্যায়ের নামীদামী প্রতি কলেজেই চলছে ভর্তি বাণিজ্য।

নামকরা এসব কলেজের অধ্যক্ষ পদে সরকারঘেঁষা শিক্ষক দায়িত্ব পালন করায় পরিস্থিতি আরও নাজুক হয়েছে। সরকারী ছাত্র সংগঠন ও কলেজের কিছু অসাধু শিক্ষক-কর্মকর্তা মিলেমিশে সিন্ডিকেট তৈরি করে কাঁচা টাকা রোজগার করছে।

রাজধানীতে প্রথম বর্ষ অনার্সে ভর্তির ক্ষেত্রে ঘুষের রেট একেক বিষয়ে একেক রকম। মানবিকের বিষয়গুলোর মধ্যে শীর্ষে রয়েছে রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি এবং ইংরেজী। রেট ১০ থেকে ১৫ হাজার টাকা। বাণিজ্যের বিষয়গুলোতে ভর্তি বাণিজ্য হচ্ছে সবচেয়ে বেশি। ব্যবস্থাপনা, হিসাববিজ্ঞান এবং ফিন্যান্সে রেট ২০ থেকে ২৫ হাজার টাকা পর্যন্ত। বিজ্ঞানের বিষয়গুলোর মধ্যে রসায়নের কদর বেশি, রেট আট থেকে ১০ হাজার টাকা। যেসব বিষয়ে ছাত্রদের পড়ার আগ্রহ বেশি, সেগুলোর রেটও বেশি।